

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd). যুউঅ.বাংলা



নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০২৯.১৯(অংশ-১) - ১৬৮৬

তারিখঃ ০৬/১২/২০২১ খ্রি.

“নিয়োগ আদেশ”

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের ৩৪.০০.০০০০.০০৫.১১.০৪৪.১৯-৩৭০ সংখ্যক স্মারকের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত মেকানিক হেলপার এর ০২টি পদের প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভাগীয় নির্বাচন কমিটির গত ২৫-১০-২০২১ ও ২৬-১০-২০২১ খ্রিঃ তারিখের সভার চূড়ান্ত সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ০২(দুই)টি শূন্য পদে নিম্নোক্ত রোল নম্বরধারীদের মেধাক্রমানুসারে শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে মেকানিক হেলপার পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৭ এর টাকা ৯০০০-২১৮০০/- বেতনক্রম ও সরকারের প্রচলিত নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদিসহ নিয়োগ প্রদান করা হলো। একই সাথে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কার্যালয়ে পদায়ন করা হলোঃ-

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা/স্বামী ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১.	১৬০০০০০৬৫	নাম: আবু বকর সিদ্দিক পিতা: ওয়াজেদ আলী মোল্লা মাতা: মরিয়ম বেগম গ্রাম- রামখানুয়া, ডাকঘর- বাঘাবাড়ী, উপজেলা- শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ।	উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা।
২.	১৬০০০০১৫৫	নাম: মোহাম্মদ আতিয়ার রহমান পিতা: শেখ মজিবর রহমান মাতা: নাছিমা বেগম গ্রাম- খাটরা, ডাকঘর- ব্রাহ্মন্দী-৭৮২২, উপজেলা- ভাঙ্গা, জেলা- ফরিদপুর।	উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর, মাদারীপুর।

০২। শর্তাবলীঃ

- (০১) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন এবং সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ/নিয়মাবলী অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।
- (০২) সরকারের প্রচলিত নিয়মানুযায়ী তাঁদের চাকুরী ২(দুই) বছর শিক্ষানবীশকাল হিসেবে গণ্য হবে;
- (০৩) বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি আদেশ অনুযায়ী চাকরি নিয়ন্ত্রিত হবে। নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের যে কোনো সময়ে বাংলাদেশের যে কোনো স্থানে বদলী করা যাবে এবং এতে কোনো আপত্তি করা চলবে না।
- (০৪) নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের চরিত্র ও অতীত কার্যকলাপের উপর পুলিশী তদন্ত রিপোর্ট না পাওয়া পর্যন্ত নিয়োগপত্র সাময়িক বলে গণ্য হবে এবং উক্ত রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (০৫) চাকরিতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করতে পারবেন না অথবা কোনো শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা চালিয়ে যেতে পারবেন না।
- (০৬) চাকরিতে যোগদানের পর স্থায়ী ঠিকানা সম্পর্কিত তথ্য, শিক্ষাগত যোগ্যতা অসত্য প্রমাণিত হয় তাহলে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (০৭) যদি পূর্ব থেকেই অন্য কোনো সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় নিয়োজিত থাকেন, তাহলে সে অফিস হতে প্রদত্ত বিমুক্তিপত্র দেখাতে না পারলে যুব উন্নয়ন অধিদপ্তরের এ চাকরিতে নিয়োগের জন্য অনুপযুক্ত বলে বিবেচিত হবেন।
- (০৮) চাকুরীতে যোগদানকালে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবেঃ
  - ক) শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদপত্রের মূল কপি।
  - খ) সিভিল সার্জন এর নিকট হতে মেডিক্যাল সার্টিফিকেট।

- গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদ।  
 ঘ) তিন কপি সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ০৯। চাকুরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।  
 ১০। উপরে বর্ণিত শর্তাদিতে উল্লেখ করা হয়নি কিন্তু সরকারি আদেশ বিদ্যমান আছে এমন সকল শর্তাদি প্রযোজ্য হবে।  
 ১১। তাঁদের নিয়োগ প্রচলিত সরকারী বিধি দ্বারা পরিচালিত হবে। উপরোক্ত শর্তাবলী তাদের নিকট গ্রহণযোগ্য হলে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদায়নকৃত কর্মস্থলে আগামী ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পদায়নকৃত কর্মস্থলে যোগদান পত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ নিয়োগ আদেশ প্রদান করা হলো।  
 ০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।




(মোঃ জাহাঙ্গীর আলম)  
 (যুগ্মসচিব)  
 পরিচালক (প্রশাসন ও অর্থ)  
 ফোনঃ ০২-২২৩৩৮০৮৬৩।

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০২৯.১৯(অংশ-১)-১৬৬৬

তারিখঃ ০৬/১১/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ০৪-

- ০১। পরিচালক,.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।  
 ০২। সিভিল সার্জন,.....।  
 ০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।  
 ০৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ০৫। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা.....জেলা।  
 ০৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা,ঢাকা।  
 ০৭। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....।  
 ০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,.....।  
 ০৯। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,.....উপজেলা.....জেলা।  
 ১০। সহকারী পরিচালক(ICT), যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা। তাঁকে নিয়োগাদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।  
 ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,.....উপজেলা.....জেলা।  
 ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।  
 ১৩। জনাব .....।  
 ১৪। ব্যক্তিগত নথি/অফিস কপি।



(মোঃ মোখলেছুর রহমান)  
 উপপরিচালক (প্রশাসন)  
 ফোনঃ ০২-২২৩৩৯৮৯৫২।